



Ref. No. CSE/CCNA/235(40)/

June 24, 2019

Cisco Networking Academy Program

ভর্তি বিজ্ঞপ্তি

Cisco Networking Academy-এর সহযোগিতায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ কর্তৃক পরিচালিত চার টার্মের (০৮ মাস মেয়াদী) **Cisco Certified Network Associate (CCNA) Routing and Switching** কোর্সের ৫৪তম ব্যাচে ভর্তির জন্যে অগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফর্মে (যা নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে সংগ্রহ করা যাবে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্রের সাথে প্রার্থীর দুই কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি, সকল সনদপত্রের সত্যায়িত কপি এবং আবেদন ফি বাবদ সোনালী ব্যাংক বিশ্ববিদ্যালয় শাখায় “সিসিএনএ প্রোগ্রাম, চলতি হিসাব নং-৩৩০০০৪০৯” এ ২০০/- (দুইশত) টাকা জমার রসিদ আগামী ২৪ জুলাই ২০১৯ তারিখের মধ্যে জমা দিতে হবে।

আবেদনকারীর যোগ্যতা:

ক) নূন্যতম এইচএসসি/সমমান পাস। প্রার্থীকে অবশ্যই এস এস সি ও এইচ এস সি অথবা সমমানের উভয় পরীক্ষায় নূন্যতম ২য় বিভাগ/জিপিএ ২.৫০ থাকতে হবে।

খ) কম্পিউটার পরিচালনা ও ইংরেজীতে দক্ষতা থাকতে হবে।

আসন সংখ্যা:

৩০টি। ২০% আসনে মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

বাছাই পরীক্ষার তারিখ:

২৭ জুলাই, ২০১৯ রোজ শনিবার বেলা ১১:০০ ঘটিকা।

স্থান: আইআইসিটি ভবন, গ্যালারী-২।

বাছাই পরীক্ষার ফলাফল প্রকাশ:

২৭ জুলাই, ২০১৯ তারিখ, বেলা ৩:০০ ঘটিকা।

বাছাই পরীক্ষার বিষয়:

কম্পিউটার, ইন্টারনেট, গণিত এবং ইংরেজি।

কোর্স ফি (চার টার্ম):

সর্বসাকুল্যে পুরুষ প্রার্থীদের জন্যে ২০,০০০/- (বিশ হাজার) এবং মহিলা প্রার্থীদের জন্যে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা। সকল প্রশিক্ষার্থীকে এককালীন টাকা পরিশোধ করে ভর্তি হতে হবে।

ভর্তির তারিখ:

২৮-২৯ জুলাই, ২০১৯ তারিখ, বিকাল ৪:০০ টা পর্যন্ত। সিট খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা থেকে মেধা ভিত্তিতে ভর্তি করা হবে। অপেক্ষমান তালিকা থেকে ভর্তির তারিখঃ ৩০-৩১ জুলাই, ২০১৯ বিকাল ৪:০০ টা পর্যন্ত।

ক্লাশ শুরু তারিখ:

০৩ আগস্ট ২০১৯ হতে সপ্তাহে তিন দিন (শনিবার, সোমবার ও বুধবার)।

ক্লাশের সময়:

বিকাল ৫:০০ টা থেকে ৭:০০ টা পর্যন্ত।

উল্লেখ্য যে, আবেদনকারীদের নামে আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। বাছাই পরীক্ষার দিন সকালে পরীক্ষার্থীদের ক্রমিক নম্বর সিএসই বিভাগ (আইআইসিটি ভবনের ৩য় তলা)-এর নোটিশ বোর্ডে টানিয়ে দেয়া হবে। পরীক্ষার দিন নিজ নিজ প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত আইডি কার্ড/NID সঙ্গে নিয়ে আসতে হবে।

(প্রফেসর ড. মো: রেজা সেলিম)

লিগ্যাল মেইন কন্টাক্ট (ভারপ্রাপ্ত),

সিসিএনএ প্রোগ্রাম,

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ,

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।